# প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - সালাত (নামায)

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

২.৫৩ দাফনের পর যেসব কাজ করা সুন্নাত

১. কবরের উচ্চতা হবে সমতল থেকে এক বিঘত অর্থাৎ আধ হাত উঁচু (ইবনে হিব্বান: ২১৬০), শুধু যাতে বুঝা যায় যে এটা একটা কবর। এর চেয়ে বেশি উঁচু করা ঠিক নয়।

২. কবরের আকৃতি হবে উটের (পিঠের) কুঁজের মতো (উঁচু) (সহীহ বুখারী: ১৩৯০)

৩. কবরে লাশের মাথার পাশে একটি পাথর রেখে চিহ্ন দিয়ে রাখা সুন্নাত। (আবু দাউদ: ৩২০৬)

৪. দাফনের পরপরই কবরের পাশে দাঁড়িয়ে মাইয়্যেতের জন্য দু'আ করা যাতে ফেরেশতার প্রশ্নের সঠিক জওয়াব দিতে পারে। রাসূলুল্লাহ এ নির্দেশ দিয়ে বলেছেন,

“তোমরা তোমাদের (এ কবরস্থ) ভাইয়ের জন্য এখন ক্ষমা চাও এবং তার জন্য স্থিতিশীলতা প্রার্থনা কর। কারণ এখনই তাকে প্রশ্ন করা হবে।” (আবু দাউদ: ৩২২১)। আর দুআ করবে এই ভাষায় “আল্লাহুম্মাগফির লাহু, আল্লাহুম্মা সাব্বিহু’ ' অর্থ: “হে আল্লাহ! তুমি তাকে মাফ করে দাও, সঠিক উত্তর দিতে তাকে অটল রাখ।” আরবীতে এরূপ না পারলে বাংলায়ই দুআ করবে। আর সুন্নাত তরীকা হলো দুআগুলো একাকী করবে, জামাআতের সাথে নয়, দলেবলে নয়। একটা উট জবাই করে মাংস বিলিবণ্টন করতে যতটুকু সময় লাগে সে পরিমাণ সময় দু'আ করতে পারলে আরো ভালো। এ সময়কার দু'আয় মাইয়্যেতের অনেক কল্যাণ হয়। কেউই এ আমলটি করতে ভুলবেন না।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13391

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন